

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়। তারিখ: ১ ডিসেম্বর, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে: উপ-নির্বাহী পরিচালক

বিষয়: সংস্থায় ব্যক্তিগত মটরসাইকেল ব্যবহারে জ্বালানী খরচ প্রদান করা প্রসংগে।

প্রিয় সহকর্মীবন্দ,


শুভেচ্ছা রহিল।

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার অনেক ঋণ ও উন্নয়ন কর্মকর্তা (সিডিও) মটরসাইকেল ব্যবহার করে মাঠ কার্যক্রম পরিচালনা করে আসছে। কোন কর্মী যদি নিজের মটরসাইকেল চালিয়ে অফিসের কাজ করে সেই বিষয়টিকে সংস্থা উদ্বিগ্ন করে। এ সকল কর্মীকে জ্বালানী ও মেরামতের জন্য আর্থিক সাপোর্ট প্রদান করার জন্য ব্যবস্থাপনা সিদ্ধান্ত গ্রহন করে। নিম্নে সিদ্ধান্তসমূহ আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. কোন ঋণ ও উন্নয়ন কর্মকর্তা (সিডিও) যদি নিজের মোটরসাইকেল নিয়ে মাঠ কার্যক্রম পরিচালনা করে তাহলে অফিস হতে মটরসাইকেলের ব্যবহারের জন্য জ্বালানী খরচ ও রক্ষনাবেক্ষণ খরচ বাবদ প্রতি মাসে ১২০০ (এক হাজার দুই শত) টাকা করে প্রদান করা হবে যা মাসিক বেতনের সাথে চলে যাবে। এর জন্য কোন বিল জমা দেয়ার দরকার নেই।
২. এটি আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ পর্যন্ত পরীক্ষামূলকভাবে চালু থাকবে তারপর বাস্তবতার নিরিখে এটিকে আবারও হালনাগাদ করা হবে।
৩. প্রতিদিন মটরসাইকেল নিয়ে ফিল্ড করতে হবে, এবং মোটরসাইকেল চালু রাখতে হবে। হেলমেট ছাড়া মোটরসাইকেল ব্যবহার করা যাবেনা।
৪. কাগজপত্র বা ড্রাইভিং লাইসেন্স সব সময় সাথে রাখতে হবে, যদি এ সকল কাগজপত্র না থাকার কারণে কর্তৃপক্ষ মামলা করে তাহলে সংস্থা এর দায়ভার গ্রহন করবেন না।
৫. এখানে উল্লেখ্য যে কোন কর্মী যদি ব্যক্তিগত মটরসাইকেল ব্যবহারকারী কোন দুর্ঘটনায় পড়েন তাহলে সংস্থা থেকে কোন আর্থিক ক্ষতিপূরণ বা সহযোগিতা চাওয়া যাবে না এবং সংস্থার এসংক্রান্ত নীতিমালা এক্ষেত্রে প্রযোজ্য হবে না।
৬. এই সার্কুলারটি ১ ডিসেম্বর, ২০২০ তারিখ থেকে কার্যকরী হবে এবং সকলের অবগতির জন্য সকলের স্বাক্ষর নিয়ে আগামী দুই সপ্তাহ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরবর্তিতে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

আপনাদের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি : নির্বাহী পরিচালক

সকল পরিচালক

সকল আরপিসি

অফিস ফাইল